নবম অধ্যায়

রাষ্ট্রীয় মালিকানাধীন সংস্থা

দেশের অর্থনৈতিক উন্নয়নে শিল্প, বিদ্যুৎ ও গ্যাস, পরিবহন, যাতায়াত এবং সেবা খাতে বিদ্যমান রাষ্ট্রীয় মালিকানাধীন সংস্থাসমূহ গুরুত্বপূর্ণ অবদান রাখছে। বেসরকারি খাত উন্নয়নে অনুসৃত নীতির ধারাবাহিকতায় রাষ্ট্রায়ত্ত সেক্টরে বেসরকারিকরণ কর্মসূচিসহ বিভিন্ন সংস্কার কর্মসূচি চালু রয়েছে। তথাপি রাষ্ট্রায়ত্ত খাত এখনও জাতীয় উৎপাদন, মূল্য সংযোজন, কর্মসংস্থান ও রাজস্ব আয় বৃদ্ধিতে উল্লেখযোগ্য ভূমিকা পালন করছে। রাষ্ট্রায়ত্ত খাতে পরিচালিত বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নের ফলে রাষ্ট্রীয় ম্যানুফ্যাকচারিং খাতের সার্বিক লোকসান বিগত বছরসমূহের তুলনায় হ্রাস পেয়েছে, যা দেশের প্রবৃদ্ধি বৃদ্ধিতে সহায়ক ভূমিকা রেখেছে। দেশে বিদ্যমান ৪৫টি রাষ্ট্রায়ত্ত সংস্থাকে (অ-আর্থিক) বাংলাদেশ স্ট্যান্ডার্ড ইন্ডাস্ট্রিয়াল ক্লাসিফিকেশন (BSIC) অনুযায়ী ৭টি সেক্টরে বিভক্ত করে রাষ্ট্রায়ত্ত খাতের অর্থনৈতিক ও আর্থিক বিশ্লেষণ প্রণয়ন করা হয়েছে।

বক্স ৯.১: রাষ্ট্রায়ত্ত সংস্থাসমূহ (অ-আর্থিক)

ক্রমিক নং	সেক্টর	সংস্থার সংখ্যা	সংস্থার নাম
১।	শিল্প	৬টি	বাংলাদেশ বস্ত্র শিল্প কর্পোরেশন, বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন, বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন, বাংলাদেশ রসায়ন শিল্প কর্পোরেশন, বাংলাদেশ বন শিল্প উন্নয়ন কর্পোরেশন, বাংলাদেশ পাটকল কর্পোরেশন।
২।	বিদ্যুৎ, গ্যাস ও পানি	৫টি	বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষ, ঢাকা পানি ও পয়ঃপ্রণালী কর্তৃপক্ষ, চট্টগ্রাম পানি ও পয়ঃপ্রণালী কর্তৃপক্ষ।
৩।	পরিবহন ও যোগাযোগ	১০টি	বাংলাদেশ সমুদ্র পরিবহন কর্পোরেশন, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্পোরেশন, বাংলাদেশ বিমান কর্পোরেশন, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম বন্দর ডক পরিচালনা বোর্ড, মংলা বন্দর কর্তৃপক্ষ, মংলা বন্দর ডক পরিচালনা বোর্ড, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ, যমুনা বহুমুখী সেতু কর্তৃপক্ষ।
৪।	বাণিজ্য	৩টি	বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন, বাংলাদেশ পাট কর্পোরেশন (বিলুপ্ত), বাংলাদেশ বাণিজ্য কর্পোরেশন।
৫।	কৃষি	২টি	বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন।
৬।	নির্মাণ	৪টি	চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ এবং রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ।
৭।	সার্ভিস	১৫টি	বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন, বাংলাদেশ পর্যটন কর্পোরেশন, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ, পল্লী বিদ্যুতায়ন বোর্ড, বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াজাতকরন অঞ্চল কর্তৃপক্ষ, বাংলাদেশ তাঁত বোর্ড, বাংলাদেশ রেশম বোর্ড, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, বাংলাদেশ রপ্তানি উন্নয়ন ব্যুরো, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন, বাংলাদেশ সেরিকালচার গবেষণা ইনস্টিটিউট এবং বাংলাদেশ চা বোর্ড।

রাষ্ট্রায়ত্ত খাতের উৎপাদন ও উপাদান আয়

২০০৩-০৪ অর্থবছরে দেশে বিদ্যমান সকল অ-আর্থিক রাষ্ট্রায়ত্ত সংস্থায় মোট পরিচালন রাজস্ব ছিল ৩২৫৪১ কোটি টাকা যা ২০০৬-০৭ অর্থ বছরে বৃদ্ধি পেয়ে ৩৩১৭৯ কোটি টাকায় দাঁড়িয়েছে । বার্ষিক প্রবৃদ্ধির হার ০.৬৫ শতাংশ। উক্ত সময়ে ক্রীত পণ্য ও সেবার মূল্য ২.১২ শতাংশ বৃদ্ধি পায়। উৎপাদন ব্যয়ের হিসেবে ২০০৩-০৪ অর্থবছরে মূল্য সংযোজনের পরিমাণ ছিল ৩৮৩৯ কোটি টাকা যা ২০০৬-০৭ অর্থবছরে হ্রাস পেয়ে ২৬১১ কোটি টাকায় দাঁড়ায়। মূল্য সংযোজনের প্রবৃদ্ধির হার ছিল - ১২.০৫ শতাংশ। ২০০৩-০৪ বছরে রাষ্ট্রায়ত্ব খাতে পরিচালন উদ্বৃত্ত ছিল ৮৭ কোটি টাকা যা ২০০৬-০৭ অর্থ বছরে হ্রাস পেয়ে -১৫৭২ কোটি টাকায় পরিণত হয়েছে। নিম্নের সারণি ৯.১ এ ২০০৩-০৪ থেকে ২০০৬-০৭ পর্যন্ত অ-আর্থিক রাষ্ট্রায়ত্ত খাতের রাজস্ব, মূল্যসংযোজন, উপাদানের আয় এবং প্রবৃদ্ধির হার দেখানো হল।

সারণি ৯.১ঃ অ-আর্থিক রাষ্ট্রায়ত্ত খাতের রাজস্ব, মূল্যসংযোগ,উপাদানের আয় এবং প্রবৃদ্ধির হার

(কোটি টাকায়)

	২০০৩-০৪	২০০৪-০৫	২০০৫-০৬	২০০৬-০৭	প্রবৃদ্ধির হার
পরিচালন রাজস্ব	৩২৫৪১	৩৬২৭৩	৪৪৩৩৯	৩৩১৭৯	০.৬৫
ক্রীত পণ্য ও সেবা	২৮৭০৩	৩৫৩২২	৪২৬৮৫	৩০৫৬৭	২.১২
মূল্যসংযোজন ঃ উৎপাদন ব্যয়ের হিসাবে	৩৮৩৯	৯৫১	১৬৫৪	২৬১১	-১২.০৫
বেতন ও ভাতাদি	১৭৮৪	১৬৬৩	২৩৮৬	১৯০৮	২.২৬
অবচয়	১৯৬৭	১৭৬১	১৯৬৯	২২৭৬	৪.৯৮
পরিচালন (উদ্বৃত্ত/লোকসান)	৮৭	-২৪৭৩	-২৭০১	-১৫৭২	-৮৩.৮৭

উৎসঃ মনিটরিং সেল, অর্থ বিভাগ।

নীট মুনাফা/লোকসান

২০০৬-০৭ অর্থবছরে ৪৪ টি অ-আর্থিক রাষ্ট্রীয় মালিকানাধীন সংস্থার নীট লোকসান ছিল ২২৭৫.৮৯ কোটি টাকা। ২০০৭-০৮ অর্থবছরে নীট লোকসান প্রাক্কলন করা হয়েছে ৫২৭৬.৭১ কোটি টাকা। চলতি ২০০৭-০৮ অর্থ বছরে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের লোকসান পূর্ববর্তী অর্থ বছরের (২০০৬-০৭) ৯০৪.০৯ কোটি টাকা থেকে ১৩৬১.১১ কোটি টাকায় বৃদ্ধি পেয়েছে। ২০০৭-০৮ অর্থবছরে রাষ্ট্রায়ত্ত খাতের প্রাক্কলিত মোট লোকসানের অন্যতম কারণ হল আন্তর্জাতিক বাজারে তেলের মূল্য বৃদ্ধি ও ডলারের বিনিময় মূল্যের সাথে টাকার অবমূল্যায়ন। বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন সরকার নির্ধারিত মূল্যে অভ্যন্তরীণ বাজারে তেল বিক্রয় করে। ফলশ্রুতিতে বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এককভাবে ২০০৭-০৮ অর্থবছরে ৫৮৮২.৬৩ কোটি টাকা লোকসানের সম্মুখীন হতে পারে মর্মে প্রাক্কলন করা হয়েছে। অপরদিকে, ২০০৬-০৭ অর্থবছরের তুলনায় ২০০৭-০৮ অর্থবছরের প্রাক্কলনে যে সকল রাষ্ট্রায়ত্ত সংস্থার নীট মুনাফা বৃদ্ধি / হ্রাস অথবা লোকসান হ্রাস পাবে সেগুলোর মধ্যে অন্যতম হলঃ ঢাকা ওয়াসা (নীট মুনাফা ৬.৩৫ কোটি টাকা হতে বৃদ্ধি পেয়ে ২০০৭-০৮ অর্থবছরে নীট মুনাফা ৮০.২৯ কোটি টাকা), চট্রগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ (নীট মুনাফা ১৬৯.৯৫ কোটি হতে হ্রাস পেয়ে ১৩১.৬২ কোটি টাকা), খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ (নীট মুনাফা ৯.০৩ কোটি টাকা হতে হ্রাস পেয়ে ৪.৮ কোটি টাকা), বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (নীট লোকসান ০.২০ কোটি টাকা হতে ২০০৭-০৮ অর্থবছরে ১.১৮ কোটি টাকা নীট মুনাফা) এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (নীট লোকসান ৩.৩২ কোটি টাকা হতে ২০০৭-০৮ অর্থবছরে ৭.৭৮ কোটি টাকা নীট মুনাফা)। রাষ্ট্রীয় মালিকানাধীন সংস্থার নীট মুনাফা/লোকসানের বিস্তারিত বিবরণ পরিশিষ্ট-৩৫ এ দেখা যেতে পারে।

সরকারি কোষাগারে লভ্যাংশ প্রদান

সকল রাষ্ট্রায়ত্ত সংস্থা ২০০৬-০৭ অর্থবছরে লভ্যাংশ হিসাবে মোট ৬২.৩৪ কোটি টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করে। ২০০৭-০৮ অর্থবছরে এর পরিমাণ ৩৭৯.৬৫ কোটি টাকা প্রাক্কলন করা হয়েছে। ২০০৭-০৮ অর্থবছরে যে সকল সংস্থা উল্লেখযোগ্য হারে লভ্যাংশ প্রদান করবে বলে আশা করা যায় তাদের মধ্যে অন্যতম হ'ল বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (২৭৫.০০ কোটি টাকা), চট্রগ্রাম বন্দর কর্তৃপক্ষ (৫০.০০ কোটি টাকা), সিভিল এভিয়েশন অথরিটি (২৫.০০ কোটি টাকা), ইপিজেড (৭.০০ কোটি টাকা), যমুনা বহুমুখী সেতু কর্তৃপক্ষ (৬.০০ কোটি টাকা), বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্পোরেশন (৫.০০ কোটি টাকা)। রাষ্ট্রায়ত্ত্ব সংস্থাসমূহ কর্তৃক সরকারি কোষাগারে প্রদত্ত লভ্যাংশের বিস্তারিত বিবরণের জন্য পরিশিষ্ট-৩৬ দ্রষ্টব্য।

সরকারি অনুদান/ভর্তুকি প্রদান

সরকার ২০০৬-০৭ অর্থবছরে ১৩টি রাষ্ট্রীয় সংস্থাকে অনুদান/ভর্তুকি হিসেবে ৪২৫.৭ কোটি টাকা প্রদান করেছে। ২০০৭-০৮ অর্থ বছরে এর পরিমাণ ৬৭৬.৯৬ কোটি টাকা প্রাক্কলন করা হয়েছে। ২০০৭-০৮ অর্থ বছরে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডকে ৪৪৬.৮৫ কোটি টাকা ভর্তুকি প্রদান করা হয়, যা পূর্ববর্তী অর্থ বছরে ছিল ২২৮.২৪ কোটি টাকা। তাছাড়া, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনকে ৮৬.৬২ কোটি টাকা, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষকে ৪২.৪৫ কোটি টাকা, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশনকে ৩৭ কোটি টাকা এবং বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টকে ২৭.৭০ কোটি টাকা ভর্তুকি প্রদান করা হয়। বাংলাদেশ পাটকল কর্পোরেশনকে পাটজাত দ্রব্য রপ্তানির বিপরীতে নগদ সহায়তা হিসেবে ২০০৬-০৭ এবং ২০০৭-০৮ অর্থবছরে যথাক্রমে ৩৪.৯৯ কোটি টাকা এবং ২৫.৮০ কোটি টাকা ভর্তুকি প্রদান করা হয়। সারণি ৯.২ এ ২০০০-০১ থেকে ২০০৬-০৭ পর্যন্ত বিভিন্ন রাষ্ট্রায়ত্ত সংস্থায় সরকারি অনুদান/ভর্তুকির পরিমাণ দেখানো হল:

সারণি ৯.২ঃ রাষ্ট্রায়ত্ত সংস্থায় সরকারি অনুদান/ভর্তুকির পরিমাণ

(কোটি টাকায়)

কর্পোরেশন/প্রতিষ্ঠানের নাম	২০০০-০১	২০০১-০২	২০০২-০৩	২০০৩-০৪	২০০৪-০৫	২০০৫-০৬	২০০৬-০৭	২০০৭-০৮ (সংশোধিত)
বিসিআইসি	৩.০০	-	-	-	-	-	০	০
বিএসইসি	০.১০	০.১০	-	-	-	-	০	০
বিজেএমসি	৫৯.৮৪	৫৩.৬০	২৬.০৪	৩৩.০৩	২৯.৫৭	১০০.০০	৩৪.৯৯	২৫.৮০
বিআইডব্লিউটিসি	০.৫০	০.৫০	০.৫০	০.৫০	০.৫০	০.৫০	০.৫০	০.৫০
আরডিএ	০.১০	০.১০	০.০৯	০.১০	০.০৯	০.১২	০.১৩	০.১৫
বিএফএফডব্লিউটি	১৬.২৫	১৬.২৫	১৬.২৫	১৬.২৫	১৬.৪৪	১৮.১৯	১৮.২৯	২৭.৭০
বিআইডব্লিউটিএ	২১.৯৫	২২.৫৫	২৩.৪০	২৭.৮৬	৩১.৮৮	৫২.১৯	৫০.৫৪	৪২.৪৫
বিএসসিআইসি	১৮.৬৫	১৮.৪৫	১৯.০৪	২১.৫০	২২.৫১	২৬.৫	২৮.৫০	৩৭.০০
আরইবি	৮.০০	৮.০০	৮.০০	৮.০০	৮.০০	৮.০০	৮.০০	৮.০০
বিএইচবি	৪.১৭	৪.০৫	৪.০৫	৪.৫০	৪.৬১	৭.৯৯	৭.৪৩	৮.২১
বিএসবি	৪.১৭	৪.৪৭	৪.৬২	৪.৩০	৪.২৬	৩.৯৭	৪.৩২	৫.৩৯
ইপিবি	-	-	৩.০০	৪.০০	১০.০০	১২.০০	১১.০০	১১.৫০
বিএডিসি	৩৫.০০	৩৫.০০	৩৫.০০	৩৫.০০	৪২.০০	৫৮.৬২	৬৬.৫	৮৬.৬২
বিডব্লিউডিবি	১৭১.৮১	১৫৯.৪৯	১৯১.৬৯	২৩০.৮০	২৫১.৮৩	২৭৯.০১	২২৮.২৪	৪৪৬.৮৫
বিইআরসি	-	-	-	-	-	০.৫৪	০.৭৭	১.০০
বিএসআরটিআই	-	-	-	-	-		১.৪৪	১.৫৯
মোট	৩৪৩.৫৪	৩২২.৫৬	৩৩১.৬৮	৩৮৫.৮৪	৪২১.৬৯	৫৬৭.৬৩	৪৬০.৬৯	৭০২.৭৬

উৎসঃ মনিটরিং সেল, অর্থ বিভাগ।

সরকারি দায় -দেনা (Debt Service Liabilities)

অর্থ বিভাগের ডিএসএল অধিশাখা ৪৯টি স্বায়ত্ব শাসিত/আধা- স্বায়ত্ব শাসিত/ স্থানীয় (স্ব-শাসিত) সংস্থার বকেয়া পরিমাণ নির্ধারণ করেছে। সাময়িক হিসাব মতে, ২০০৭-০৮ অর্থবছরে জুন ২০০৮ পর্যন্ত ৪৯টি অ-আর্থিক রাষ্ট্রায়ত্ত সংস্থার নিকট মোট বকেয়ার পরিমান ৬৬৫৫৩.৩৮ কোটি টাকা (যার মধ্যে ২০০৭-০৮ অর্থবছরে আদায়কৃত অর্থ সমন্বয় করা হয়নি)। সরকারের ডিএসএল পাওনা ও আদায়ের সাময়িক হিসাব পরিশিষ্ট-৩৭ এ দেখা যেতে পারে।

ব্যাংক ঋণ

৪৫টি রাষ্ট্রীয় সংস্থার নিকট রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংকের ফেব্রুয়ারি, ২০০৮ পর্যন্ত মোট ১৬৭৪৯.৪৪ কোটি টাকা ঋণ রয়েছে যার মধ্যে খেলাপি ঋণের পরিমাণ হচ্ছে ১২০৬.০৪ কোটি টাকা (৭.২০ শতাংশ)। যে সকল সংস্থার নিকট রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংকের সর্বোচ্চ ঋণ রয়েছে সেগুলো হ'লঃ বিপিসি (৮৩৬৯.৮৭ কোটি টাকা), বিজেএমসি (২৩০৬.৮৩ কোটি টাকা), বিপিডিবি (১৪৪৪.৪৮ কোটি টাকা), বিসিআইসি (২০৯২.৯০ কোটি টাকা), বিওজিএমসি (৬৯৮.৩৪ কোটি টাকা), বিএসএফআইসি (৭২১.২৩ কোটি টাকা), বিএডিসি (২৪৬.৮৭ কোটি টাকা), বিএসইসি (১৮৯.১১ কোটি টাকা) ও বিটিএমসি (২৯৪.৩০ কোটি টাকা)। অন্যদিকে, যে সকল সংস্থার নিকট সর্বোচ্চ খেলাপি ঋণ রয়েছে সেগুলোঃ বিজেএমসি (৭৭১.২৬ কোটি টাকা), বিটিএমসি (২৪১.৪০ কোটি টাকা), বিসিআইসি (১০০.২৬ কোটি টাকা), বিএসসি (২২.০৪ কোটি টাকা), বিএডিসি (২১.২৭ কোটি টাকা) ও বিএসএফআইসি (২১.০১ কোটি টাকা) । রাষ্ট্রায়ত্ব সংস্থাসমূহের বকেয়া ও শ্রেণীবিন্যাসকৃত ঋণের ক্রমপুঞ্জিত পরিমাণ পরিশিষ্ট-৩৮ এ দেয়া হয়েছে।

রাষ্ট্রায়ত্ত খাতের আর্থিক বিশ্লেষণ

বাংলাদেশে রাষ্ট্রায়ত্ত খাতের প্রায় সমস্ত সম্পদ ও ঋণ সরকার অথবা রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংক কর্তৃক যোগান দেয়া হয়ে থাকে। সুতরাং এ সকল কর্পোরেশনসমূহের আর্থিক অবস্থার বিশ্লেষণের ক্ষেত্রে মোট সম্পদের ওপরে মুনাফার হার একটি গুরুত্বপূর্ণ মাপকাঠি।

সারণি-৯.৩ ঃ ২০০৩-০৪ হতে ২০০৬-০৭ পর্যন্ত রাষ্ট্রায়ত্ত খাতের অর্জিত মুনাফা

(কোটি টাকায়)

	২০০৩-২০০৪	২০০৪-২০০৫	২০০৫-০৬	২০০৬-০৭	প্রবৃদ্ধির হার ২০০৩-০৪ হতে ২০০৬-০৭ পর্যন্ত
১। পরিচালন রাজস্ব	৩২৫৪১	৩৬২৭৩	৪৪৩৩৯	৩৩১৭৯	০.৬৫
২। পরিচালন উদ্বৃত্ত	৮৭	-২৪৭৩	-২৭০১	-১৫৭২	-২২.২৭
৩। পরিচালন বহির্ভূত রাজস্ব	৬৭৫	৫৮৬	৬০৩	১৫৭৫	৩২.৬৩
৪। কর্মচারী অংশীদারী তহবিল	৩৯	৯	১৩	৬৫	১৮.৫৪
৫। ভর্তুকী (প্রত্যক্ষ)	৮	৯	৯	৯	৪.০০
৬। সুদ	৯৬৬	৯০৩	১১৬০	১২১২	৭.৮৫
৭। করপূর্ব নীট লাভ/লোকসান (২+৩+৫)-(৪+৬)	-২৩৫	-২৭৯০	-৩২৬২	-১২৬৪	-২১.৯৩
৮। কর	৩৪৩	১৩৪	১৭৫	৬৪১	২৩.১৫
৯। কর উত্তর নীট লাভ/লোকসান (৭-৮)	-৫৭৮	-২৯২৫	-৩৪৩৭	-১৯০৫	২০.৯০
১০। লভ্যাংশ (ডিভিডেন্ড)	২২৪	৫৫	২৮৫	৫৪৯	৩৪.৭৯
১১। সংরক্ষিত আয় (৯-১০)	-৮০২	-২৯৮০	-৩৭২২	-২৪৫৪	৪৫.১২
১২। মোট বিনিয়োগ/ফান্ড	১২৯৪৪৭	১২৪৩৪৯	১৩৮৭৩০	১৪২৪৪৮	৩.২৪
১৩। ইক্যুইটি	৫০৮১১	৩৬৪১২	৪০৭২৬	৫৭৩৯২	৪.১৪
১৪। মোট সম্পদের উপর পরিচালন মুনাফার হার (২÷১২)	০.০৭	-১.৯৯	-১.৯৫	-১.১০	-২২.৬১
১৫। পরিচালন রাজস্বের উপর নীট মুনাফার হার (৯÷১)	-১.৭৮	-৮.০৬	-৭.৭৫	-৫.৭৪	-২১.০৩
১৬। ইকুইটির উপর লভ্যাংশের হার (১০÷১৩)	০.৪৪	০.১৫	০.৭০	০.৯৬	২৯.৪৩
১৭। মোট সম্পদের টার্নওভার (১÷১২)	০.২৫	০.২৯	০.৩২	০.২৩	-২.৫১

উৎসঃ মনিটরিং সেল, অর্থ বিভাগ।

লেখচিত্র-৯.১ ঃ রাষ্ট্রায়ত্ত খাতের ইকুইটির উপর লভ্যাংশের হার ও মোট সম্পদের উপর পরিচালন লোকসান



রাষ্ট্রায়ত্ত খাতের মোট পরিসম্পদের ওপর পরিচালন মুনাফার হার (ROA) ২০০৩-০৪ সালে ০.০৭ শতাংশ হলেও ২০০৪-০৫ অর্থ বছরে এ হার ছিল -১.৯৯ শতাংশ । ২০০৬-০৭ অর্থ বছরে এ লোকসানের হার কিছুটা হ্রাস পেয়ে ১.১০ শতাংশে উপনীত হয় । ২০০৩-০৪ অর্থবছর থেকে পরিচালন রাজস্বের ওপর নীট মুনাফার হার হ্রাস পেতে থাকে। ২০০৩-০৪ অর্থ বছরে এ লোকসানের হার ছিল ১.৭৮ শতাংশ, ২০০৬-০৭ অর্থ বছরে এ লোকসান বৃদ্ধি পেয়ে ৫.৭৪ শতাংশে পৌঁছে। ইক্যুইটির উপর লভ্যাংশের হার ২০০৩-০৪ অর্থবছরে ছিল ০.৪৪ শতাংশ যা ২০০৬-০৭ অর্থবছরে বৃদ্ধি পেয়ে ০.৯৬ শতাংশে দাঁড়িয়েছে।